

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।


স্মারকনং- ৩৭.০৭.০০০০.০০৭.৩৫.৩৮৭.২০২০- ৮১

তারিখ: ০২/১১/২০২০।


অফিস আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশ উন্নয়ন-মহসিন এন্ড ব্রাদার্স (জেভি), কাদের ভিলা, ও আর নিজাম রোড, জিইসি মোড়, চট্টগ্রাম কে ১৬/১০/২০১৭ খ্রিঃ তারিখে “১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় ফটিকছড়ি টিএসসি স্থাপন কাজের কার্যাদেশ প্রদান করা হয়। ঠিকাদার গত ৩০/১০/২০২০ খ্রিঃ তারিখে সার্ভিস এরিয়ার সম্মুখের আর.সি.সি রাস্তা ঢালাই কাজের সময় দরপত্র দলিলে বর্ণিত স্পেসিফিকেশন মোতাবেক ঢালাই কাজ সম্পাদন ব্যতিরেকে নিজের ইচ্ছে মত ঢালাই কাজ সম্পন্ন করছেন। সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী দরপত্র দলিলে বর্ণিত স্পেসিফিকেশন মোতাবেক ঢালাই কাজ সম্পাদন করতে বলেন। এতে জয়েন্টভেনচার ঠিকাদারের একজন অংশীদার মেসার্স মহসিন এন্ড ব্রাদার্স এর প্রোপ্রাইটার জনাব মহসিন হায়দার ক্ষিপ্ত হয়ে উপসহকারী প্রকৌশলীকে হত্যার উদ্দেশ্যে তাঁর গলা চিপে ধরে। নির্মাণ সাইটে উপস্থিত জনগণ তাঁকে উদ্ধার করে জীবন বাচাতে সাহায্য করেন।

০২। বর্ণিত অবস্থায় দেশ উন্নয়ন-মহসিন এন্ড ব্রাদার্স (জেভি), কাদের ভিলা, ও আর নিজাম রোড, জিইসি মোড়, চট্টগ্রাম, মেসার্স মহসিন এন্ড ব্রাদার্স, সাং পাইল্ডং, উপজেলা ফটিকছড়ি, চট্টগ্রাম এবং মেসার্স দেশ উন্নয়ন লি., হোটেল শাহজাহান আর্কট, ৩য় তলা, সদরঘাট রোড, চট্টগ্রাম কে অত্র অধিদপ্তরের আওতায় সকল দরপত্রে অংশ গ্রহণ করার অযোগ্য ঘোষণা করা হলো।


০২.১১.২০২০
(বুলবুল আখতার)

প্রধান প্রকৌশলী


শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। পরিচালক (প্রশা: শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপি কার্যার্থে প্রেরণ করা হল:

০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, (সকল)

০২। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, (সকল) (৫২)

০৩। সংরক্ষণ নথি।